

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থ বিভাগ  
উন্নয়ন বাজেট-১

নং- অম/অবি/উঃবাঃ১/বিবিধ-১/২০০৪/৬১৫

তারিখ : ২৩/০৬/২০০৪

বিষয় : উন্নয়ন প্রকল্পের অর্থ ছাড়, বরাদ্দের বিভাজন, পদ সৃষ্টি ইত্যাদি আদেশে অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাংকন (Endorsement) পদ্ধতি রহিতকরণ প্রসংগে।

উন্নয়ন প্রকল্প দ্রুত বাস্তবায়নকল্পে বিদ্যমান পদ্ধতি সহজতর করণের অব্যাহত পদক্ষেপ হিসাবে অর্থ ছাড়, বরাদ্দের বিভাজন, প্রকল্পের পদসৃষ্টি ইত্যাদি বিষয়ে বর্তমান প্রচলিত পদ্ধতি সংস্কার পূর্বক সরকার নিম্নরূপ পদ্ধতি অনুসরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে :

- (ক) অর্থ ছাড়ের যে সকল নথিতে অর্থ বিভাগের সম্মতি প্রয়োজন সে সকল নথি পরীক্ষা পূর্বক অর্থ বিভাগের সম্মতি সম্বলিত পত্র (সংযুক্ত নমুনা অনুযায়ী) সহ নথি প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগে ফেরত পাঠানো হবে। অর্থ বিভাগ থেকে উক্ত সম্মতি পত্রের একটি অনুলিপি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে প্রদান করা হবে। অর্থ বিভাগের সম্মতি পত্রের ভিত্তিতে (সম্মতিপত্র সংযোজন করতঃ) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ অর্থ ছাড়ের সরকারী আদেশ জারী করবে। উক্ত সরকারী আদেশে অর্থ বিভাগের কোন পৃষ্ঠাংকন (Endorsement) প্রয়োজন হবে না।
- (খ) সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা উপরের (ক) অনুযায়ী ইতোমধ্যে প্রাপ্ত অর্থ বিভাগের সম্মতি পত্রের নির্দেশনা অনুসারে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সরকারী আদেশ জারী করা হলে তদানুযায়ী অর্থ ছাড়ের প্রয়োজনীয় পদক্ষেপ নিবে।
- (গ) উন্নয়ন বাজেট বরাদ্দ অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে সকল প্রকল্পের (অনুমোদিত/ অননুমোদিত) বিভাজন আদেশ অর্থ বছরের শুরুতেই (১৫ জুলাইয়ের মধ্যে) জারী করে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। উক্ত বিভাজন আদেশের ভিত্তিতে অর্থ বিভাগ মঞ্জুরী ও বরাদ্দের দাবীর বিবরণ বিস্তারিত (উন্নয়ন) প্রণয়ন করবে। এরূপ কোন বিভাজন আদেশে আলাদাভাবে অর্থ বিভাগের পৃষ্ঠাংকন প্রয়োজন হবে না।
- (ঘ) অনুমোদিত/অননুমোদিত সকল উন্নয়ন প্রকল্পের পদ (আন্তঃমন্ত্রণালয় কমিটির সুপারিশ অনুযায়ী) সৃষ্টির ও সংরক্ষণের আদেশ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ জারী করবে। এরূপ আদেশ জারীর ক্ষেত্রে অর্থ বিভাগের পৃষ্ঠাংকন প্রয়োজন হবে না।
- (ঙ) উপরের সমুদয় সরকারী আদেশের একটি কপি অর্থ বিভাগের সংশ্লিষ্ট শাখায় অবগতির জন্য প্রেরণ করতে হবে।

জন্য

২। সরকারী আদেশ পৃষ্ঠাংকন পদ্ধতি রহিতকরণের উপরোক্ত পদ্ধতি আগামী ১/০৭/২০০৪ তারিখ থেকে কার্যকর হবে।

স্বা/-

(মোহাম্মদ আবদুল মজিদ)

যুগ্ম-সচিব (উন্নয়ন)

বিতরণ :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। মুখ্য-সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়।
- ৩। সচিব, .....মন্ত্রণালয়/বিভাগ।
- ৪। সদস্য, ..... পরিকল্পনা কমিশন।
- ৫। হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, ঢাকা।
- ৭। মহা-ব্যবস্থাপক, সরকারী হিসাব বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, .....মন্ত্রণালয়/বিভাগ।
- ৯। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থ বিভাগ  
উন্নয়ন বাজেট শাখা -.....

নং- অম/অবি/উঃবাঃ-

তারিখ :-

বিষয় :- ২০০৪-০৫ অর্থ বছরের উন্নয়ন বাজেটভুক্ত প্রকল্পের অর্থ ছাড়করণ প্রসংগে।

উপরোক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে,.....  
মন্ত্রণালয়/বিভাগের অধীনে বাস্তবায়নাধীন .....প্রকল্পের  
(কোড নম্বর.....) উন্নয়ন বাজেট বরাদ্দ অনুযায়ী স্থানীয় মুদ্রায়/আরপিএ (সরকারের  
মাধ্যমে)/সিডি ভ্যাট বাবদ ১ম/২য়/৩য়/৪র্থ/অতিরিক্ত কিস্তিতে ..... লক্ষ  
(কথায়.....) টাকা (মূলধন বাবদ....., রাজস্ব বাবদ ..... এবং  
সিডি ভ্যাট বাবদ .....লক্ষ টাকা) ছাড়করণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা  
হ'লো।

(.....)

সিনিয়র সহকারী সচিব  
ফোন নং- .....

১। সচিব

.....মন্ত্রণালয়/বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

.....মন্ত্রণালয়/বিভাগ। উপরোক্ত সম্মতি পত্রের  
নির্দেশনা অনুসারে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক সরকারী আদেশ জারী করা হলে  
তদানুযায়ী অর্থ ছাড়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হ'লো।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
উন্নয়ন বাজেট শাখা-১

নং- অম/অবি/উ:বা:১/বিবিধ-৪৬/৯৫/১৪৬

তারিখ:-১৬/১১/২০০৩

বিষয় :- স্বায়ত্বশাসিত/আধাস্বায়ত্বশাসিত/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহের অবমুক্ত অর্থ বাণিজ্যিক ব্যাংকে রাখা সংক্রান্ত।

উপরোক্ত বিষয়ে অর্থ বিভাগের ২০/২/২০০২ তারিখের অম/অবি/উঃ-১/বিবিধ-৪৬/৯৫/৪৫৪ নং স্মারকটি এতদ্বারা বাতিল করা হলো।

২। উপরোক্ত বিষয়ে অর্থ বিভাগের ২৩/১০/২০০৩ তারিখে জারীকৃত অম/অবি/ব্যাংকিং নীতি শাখা-২/নীতি-৩/২০০৩/৫৫৪ নং বিজ্ঞপ্তি অনুসরণে স্বায়ত্বশাসিত/আধাস্বায়ত্বশাসিত সংস্থা প্রকল্প বাস্তবায়নের জন্য Annual Development Program (ADP) এর আওতায় সরকার থেকে প্রাপ্ত তহবিলের সর্বোচ্চ ২০% পর্যন্ত দশ বা ততোধিক বছর যাবৎ বাংলাদেশে ব্যাংকিং ব্যবসায় নিয়োজিত বেসরকারী ব্যাংকসমূহে জমা রাখতে পারবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের আদেশক্রমে এই পরিপত্র জারী করা হ'লো।

স্বা/-

(কাজী শফিকুল আযম)

উপ-সচিব (উন্নয়ন বাজেট-১)

বিতরণ:-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। মুখ্য-সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
- ৪। সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৫। হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।